

তারিখ
পৃষ্ঠা ৭ কলাম ৫

আয়োজন

ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সংবাদ সম্মেলন

গত ২৯ জানুয়ারি ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ) প্রেসক্রাবে প্রথম সংবাদ সম্মেলন করলো। এই প্রাইভেট ইউনিভার্সিটি গত ২৪ জানুয়ারি বাংলাদেশ সরকারের অনুমোদন পেলে। এ নিয়ে বাংলাদেশে বর্তমানে প্রাইভেট ইউনিভার্সিটির সংখ্যা দাঁড়ালো ২৮টি। বাংলাদেশের জনসংখ্যার তুলনায় এ সংখ্যা নগণ্য। ডিআইইউর চেয়ারম্যান দেশের অন্যতম কম্পিউটার প্রতিষ্ঠান ডেফোডিল কম্পিউটারের এমডি সর্ব্বর খান।

এ বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভিসি প্রফেসর আমিনুল ইসলাম, যিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি। প্রাথমিক পর্যায়ে আভার

গ্রাজুয়েট ও গ্রাজুয়েট এই দুই ক্যাটাগরীতে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি প্রদান করবে। আভার গ্রাজুয়েট পর্যায়ে সিআইএস, সিএসই এবং বিবিএ কোর্স অফার করা হবে এবং গ্রাজুয়েট পর্যায়ে এমবিএ ও এমআইএস এর কোর্স অফার করা হবে।

ডিআইইউর ভবিষ্যৎ পরিকল্পনা হলো একটা পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে আত্মপ্রকাশ করা। এর ফলে প্রায় সব ধরনের নিম্ন (কোর্স) অফার করতে সমর্থ হবে। ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি দেশের অন্যান্য প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের সঙ্গে প্রায় সামঞ্জস্য রেখে এর কোর্স ফি ধারণ করেছে। বর্তমানে ডিআইইউ ইউকে, ইউএসএ, কানাডা ও অস্ট্রেলিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কোলাবোরেশনের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এর প্রশাসনিক কার্যক্রম পরিচালিত হবে ৬৪/৩ লেক মার্কার্স, কদাবাগান, ঢাকা-১২০৫।